গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কচুয়া, চাঁদপুর।
kachua.chandpur.gov.bd

স্মারক নং-০৫.৪২.১৩২৫.০০০.৯৯.০১১.১৮-১২৬৬ তারিখ ঃ ২২/১০/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ **কচুয়া উপজেলাধীন ৪নং সহদেবপুর (পূর্ব) ইউনিয়ন পরিষদের নাম পরিবর্তনপূর্বক "৪নং পালাখাল মডেল ইউনিয়ন" এর বাংলাদেশ গেজেটের কপি প্রেরণ।**

সূত্র ঃ জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর এর স্থানীয় সরকার শাখার ১৬/১০/২০১৮খ্রিঃ তারিখের ৬৫১ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার কচুয়া উপজেলাধীন ৪নং সহদেবপুর (পূর্ব) ইউনিয়ন পরিষদের নাম পরিবর্তনপূর্বক "৪নং পালাখাল মডেল ইউনিয়ন" নামকরণের প্রজ্ঞাপনটি বাংলাদেশ ফরমস এন্ড প্রকাশনা অফিস, ঢাকা হতে ৯ আগস্ট, ২০১৮ খ্রিঃ তারিখে বাংলাদেশ গেজেট এর ৬ষ্ঠ খন্ডে প্রকাশিত হয়েছে (সংযুক্ত)।

বর্ণিতাবস্থায়, কচুয়া উপজেলাধীন "৪ নং পালাখাল মডেল ইউনিয়ন" নামকরণ অনুসরণপূর্বক এখন থেকে সকল কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২২/১০/১৮

( নীলিমা আফরোজ )
পরিচিতি নং ১৬১১৩
উপজেলা নির্বাহী অফিসার
কচুয়া, চাঁদপুর।
ফোন: ০৮৪২৫-৫৬০১১, সেল ফোন: ০১৭৩০০৬৭০৭০

প্রাপকঃ

.........................................

.........................................

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ৯, ২০১৮

## ৬ষ্ঠ খণ্ড

প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ।

### বাংলাদেশ সুপ্রীম কোর্ট
### আপীল বিভাগ, ঢাকা

### অফিস আদেশ

তারিখ: ৬ জুন ২০১৮ খ্রিঃ

**নং ৯৯৯(১-৬)/২০১৮ এসসি(এডি)**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের নিম্ন বর্ণিত কর্মকর্তা'র চাকরি তাঁর নামের পার্শ্বে বর্ণিত উল্লিখিত পদ ও তারিখ হতে স্থায়ী করা হলো ঃ

| ক্রঃ নং | নাম ও পদবি | বিভাগীয় পদোন্নতির পদ ও তারিখ | চাকরি স্থায়ীকরণের পদ ও তারিখ |
|---|---|---|---|
| ১। | জনাব আবু তাহের ভূঁঞা ,সহকারী রেজিস্ট্রার | সহকারী রেজিস্ট্রার ০১-০৯-২০১৫খ্রিঃ | সহকারী রেজিস্ট্রার ০১-০৯-২০১৫খ্রিঃ |

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র আদেশ জারি করা হলো।

আদেশক্রমে

মোহাম্মদ মেহেদী হাসান
ডেপুটি রেজিস্ট্রার।

---

### বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

### অফিস আদেশ

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৫/৩১ মে ২০১৮

নং ০৫.০১.২৬৭২.১২৫.১৮.০১৬.১৬-৫৪০—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪-০৪-২০১৮ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৩০.১২.০০১.১৭-২৬৫ সংখ্যক প্রজ্ঞাপনমূলে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে প্রেষণে নিয়োজিত এমডিএস (অতিরিক্ত সচিব) জনাব রঞ্জিৎ কুমার সেন (পরিচিতি নং- ৪৭৯৭) কে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উনি-১ শাখায় ন্যস্ত করা হয়েছে। ন্যস্তকৃত কর্মস্থলে যোগদান করার জন্য তাঁকে ০৩-০৬-২০১৮ খ্রিঃ তারিখ অপরাহ্নে কেন্দ্র হতে অবমুক্ত করা হলো।

২। জনস্বার্থে ও নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।

মোহাম্মদ রাজিবুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন)।

জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর

(স্থানীয় সরকার শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৫/৩০ জুলাই ২০১৮

নং ৪৬.৪২.১৩০০.০৩০.০৪.০২২.১৮-৪৯৫—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১১ ধারার এখতিয়ারবলে এবং স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০০.১৩০০.০১৭.৯৯.০০১.১৬-৬১২, তারিখ: ২২ জুলাই ২০১৮ এর নির্দেশনা মোতাবেক আমি মোঃ মাজেদুর রহমান খান, জেলা প্রশাসক, চাঁদপুর, চাঁদপুর জেলার কচুয়া উপজেলার ৪ নং সহদেবপুর (পূর্ব) ইউনিয়নের নাম পরিবর্তনপূর্বক "৪ নং পালাখাল মডেল ইউনিয়ন" ঘোষণা করলাম।

মোঃ মাজেদুর রহমান খান
জেলা প্রশাসক।

---

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া

বিজ্ঞপ্তি

তারিখ: ১৮ পৌষ ১৪২৪/০১ জানুয়ারি ২০১৮

নং ০০.০৪..০৫৬৬.০০০.১৮.০০০৪.১৮-৬—যেহেতু ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর উপজেলার ০৪ নম্বর চম্পকনগর ইউনিয়ন পরিষদের নির্বাচিত ০২ নম্বর ওয়ার্ডের সাধারণ সদস্য জনাব মধু মিয়া, পিতা মৃত মোঃ সোনা মিয়া, গ্রাম-রামচন্দ্রপুর, উপজেলা-বিজয়নগর, জেলা ব্রাহ্মণবাড়িয়া গত ৩১-১২-২০১৭ খ্রিঃ তারিখ রোজ রবিবার অসুস্থতাজনিত কারণে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি................রাজিউন)।

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার উপ-ধারা (২) অনুযায়ী আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ আলী আফরোজ, উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া গত ৩১-১২-২০১৭ খ্রিঃ তারিখ হতে বিজয়নগর উপজেলার ০৪ নম্বর চম্পকনগর ইউনিয়ন পরিষদের ০২ নম্বর ওয়ার্ডের সাধারণ সদস্য পদটি এতদ্বারা শূন্য ঘোষণা করলাম।

মোঃ আলী আফরোজ
উপজেলা নির্বাহী অফিসার।

---

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

মান্দা, নওগাঁ

বিজ্ঞপ্তি

তারিখ: ১৮ জানুয়ারি ২০১৮খ্রিঃ

নং ০৫.৪৩.৬৪৪৭.০০০.০২.০০৬.১৮-৯০—নওগাঁ জেলার মান্দা উপজেলাধীন ০৯ নম্বর তেঁতুলিয়া ইউনিয়ন পরিষদের ০৪ নম্বর ওয়ার্ডের ইউনিয়ন পরিষদ সদস্য জনাব মোঃ আব্দুস ছামাদ মন্ডল, পিতা: মহিম মন্ডল, গ্রাম: সিংগাঁ মধ্যপাড়া, ডাকঘর ঃ তেঁতুলিয়া, উপজেলা ঃ মান্দা, জেলা ঃ নওগাঁ বিগত ৩০-১১-২০১৭ খ্রিস্টাব্দ তারিখ (১৬অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ) রোজ বৃহস্পতিবার মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১)(ঙ) ধারা মোতাবেক মৃত্যুজনিত কারণে উক্ত ইউনিয়ন পরিষদ সদস্যের পদ শূন্য হওয়ায় এবং একই আইনের ৩৫(২) ধারা মোতাবেক আমার অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ রেজাউল করিম উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে এ বিজ্ঞপ্তি প্রকাশ করতঃ নওগাঁ জেলার মান্দা উপজেলাধীন ০৯ নম্বর তেঁতুলিয়া ইউনিয়ন পরিষদের ০৪ নম্বর ওয়ার্ডের ইউনিয়ন পরিষদ ওয়ার্ড সদস্য এর পদটি ১-১২-২০১৭ খ্রিস্টাব্দ (১৭ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ) তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

মোঃ রেজাউল করিম
উপজেলা নির্বাহী অফিসার।